



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

www: brur.ac.bd

স্মারক নম্বর- বেরোবি/ রেজি/ শিক্ষক নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২২/২১৭৭

তারিখ : ০৪ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপিত পদে আবেদনের শর্তাবলী

প্রভাষক	<ol style="list-style-type: none"> ১. প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে ০৪(চার) বছর মেয়াদি স্নাতক(সম্মান) ডিগ্রি এবং থিসিসসহ (প্রযোজ্য ক্ষেত্রে) স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। ২. স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় বিজ্ঞান, বিজনেস স্টাডিজ, প্রকৌশল ও প্রযুক্তি ও জীব ও ভূ-বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে অথবা সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে। সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভাগসমূহে স্নাতক ও স্নাতকোত্তর পরীক্ষায় যে কোন একটিতে সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ এবং অপরটিতে ন্যূনতম সিজিপিএ ৩.২৫ থাকতে হবে অথবা সনাতন পদ্ধতিতে একটিতে প্রথম শ্রেণী ও অপরটিতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী থাকতে হবে। ৩. এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ৪.০০ থাকতে হবে অথবা সনাতন পদ্ধতিতে উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে। ৪. অন্যান্য যোগ্যতা সমান থাকলে প্রকাশনা ও উচ্চতর ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে। ৫. অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোন ০১(এক) টি শর্ত শিথিল করা যেতে পারে।
সহযোগী অধ্যাপক	<ol style="list-style-type: none"> ১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও অনূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি থাকতে হবে। ২. বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ০৭ (সাত) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতার মধ্যে সহকারী অধ্যাপক হিসেবে অনূন ০৪ (চার) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৩. স্বীকৃত জার্নালে ০৪ (চার) টি প্রকাশনা থাকতে হবে। ৪. প্রার্থীকে কোন পরীক্ষায় 'B' গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৪.০ এবং ৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৩.০) এর নীচে অথবা ৩য় বিভাগ/শ্রেণী থাকা চলবে না। ৫. অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোন ০১(এক) টি শর্ত শিথিল করা যেতে পারে। অথবা ১. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও অনূন দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সংশ্লিষ্ট বিষয়ে এমফিল বা সমমানের ডিগ্রি থাকতে হবে। ২. বিশ্ববিদ্যালয় পর্যায়ে কমপক্ষে ১০ (দশ) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতার মধ্যে সহকারী অধ্যাপক হিসাবে অনূন ০৫ (পাঁচ) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ৩. স্বীকৃত জার্নালে অনূন ০৪ (চার) টি প্রকাশনা থাকতে হবে। ৪. প্রার্থীকে কোন পরীক্ষায় 'B' গ্রেড (৫.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৪.০ এবং ৪.০ পয়েন্ট ভিত্তিক গ্রেড সিস্টেমে সিজিপিএ ন্যূনপক্ষে ৩.০) এর নীচে অথবা ৩য় বিভাগ/শ্রেণী থাকা চলবে না। ৫. অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে যে কোন ০১(এক) টি শর্ত শিথিল করা যেতে পারে।
১	অপ্রকাশিত প্রকাশনা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। স্বীকৃত জার্নাল বলতে Peer Reviewed জার্নাল বুঝাবে। মানসম্মত Website/Electronic জার্নালে প্রকাশিত প্রকাশনা ছাড়া অন্য Website এর প্রকাশনা গ্রহণযোগ্য হবে না।
২	প্রার্থীকে আবেদন ফরমের সঙ্গে (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও নম্বরপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্তৃক সত্যায়িত) (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি প্রতি সেট আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে (ঘ) সহযোগী অধ্যাপক পদের জন্য ১৪(চৌদ্দ) সেট এবং প্রভাষক পদের জন্য ০৯(নয়) সেট আবেদন ফরম জমা দিতে হবে।
৩	চাকরির প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৪	প্রার্থীকে পদ ও বিভাগের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে।
৫	প্রার্থীর যোগাযোগের ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাক টিকিট সংযুক্ত ২৪X১১সে:মি:/১০X ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদন ফরমের সাথে দিতে হবে।
৬	প্রাপ্ত আবেদন ফরমসমূহ বাছাইয়ের পর প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদেরকে সাক্ষাৎকার অথবা লিখিত পরীক্ষার জন্য ডাকা হবে। এ জন্য প্রার্থীকে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
৭	ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদন ফরম (গ্রহণের শেষ তারিখের পর) গ্রহণ করা হবে না।
৮	বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন ফরম ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

প্রকৌশলী মোহাম্মদ আলমগীর চৌধুরী

রেজিস্ট্রার

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

ই-মেইল: registrar@brur.ac.bd